# জাতীয় বিশ্ববিদ্যালয়
## গাজীপুর-১৭০৪

স্মারক নং: ১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২৫/৩২২৮ তারিখ: ২১/০৭/২০২৫

**২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন, ২য় মেধা তালিকা প্রকাশ ও কলেজ কর্তৃক চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন ও ২য় মেধা তালিকা ২৪ জুলাই ২০২৫ তারিখ বিকাল ৪টায় প্রকাশ করা হবে। উক্ত ফলাফল **SMS (nu<space>athn<space>roll no** টাইপ করে **16222** নম্বরে **send** করতে হবে**)** এর মাধ্যমে একইদিন বিকাল ৪টা থেকে এবং ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **(www.nu.ac.bd/admissions) Honour's Tab** এ গিয়ে **Admission Test Result** অপশনে রাত ৯টা থেকে জানা যাবে।

উল্লেখ্য যে, ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু কোন শিক্ষার্থী ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে কোন শিক্ষা কার্যক্রমে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই **৩১ জুলাই ২০২৫** তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে অন্যথায় দ্বৈত ভর্তির কারণে শিক্ষার্থীর ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য যে, ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী তার বিষয় পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে অবশ্যই চূড়ান্ত ভর্তি ফরমে বিষয় পরিবর্তনের নির্দিষ্ট ঘরে **Yes** অপশন সিলেক্ট করতে হবে। এ ক্ষেত্রে শিক্ষার্থীদের বিষয় পছন্দক্রম অনুযায়ী সংশ্লিষ্ট কলেজে বিষয়ভিত্তিক শূন্য আসনে মেধার ভিত্তিতে বিষয় পরিবর্তন করা হবে।

**২য় মেধা তালিকার ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে**

| ক্রমিক | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ১) | ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্য থেকে যাদের বিষয় পরিবর্তন হবে তাদের পরিবর্তিত বিষয়ের ভর্তি ফরম অনলাইন থেকে ডাউনলোড করে এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ:<br>উল্লেখ্য যে, কোন শিক্ষার্থীর বিষয় পরিবর্তন হলে তার পূর্বের বিষয়ে ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তিত বিষয়ে তার ভর্তি নিশ্চিত হবে। তবে কোন শিক্ষার্থীর বিষয় পরিবর্তন না হলে তার পূর্বের বিষয়ে ভর্তি বহাল থাকবে ।<br>ক) বিষয় পরিবর্তনের ভর্তি ফরম সংশ্লিষ্ট কলেজ কর্তৃক অনলাইনে নিশ্চয়ন করতে হবে না।<br>খ) বিষয় পরিবর্তনের ক্ষেত্রে শিক্ষার্থীকে কোন ফি প্রদান করতে হবে না। | ২৬/০৭/২০২৫ থেকে ০৩/০৮/২০২৫ |
| ২) | ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে ভর্তি ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ:<br>শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **(www.nu.ac.bd/admissions) Applicant Login** অপশনে **Honours Login** লিংকে গিয়ে সঠিক **Application ID** ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করে এর প্রিন্ট কপি সংগ্রহ করতে হবে। | ২৬/০৭/২০২৫ থেকে ০৩/০৮/২০২৫ |
| ৩) | ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীকে চূড়ান্ত ভর্তি ফরমসহ রেজিস্ট্রেশন ফি বাবদ ৫৬৫/- (পাঁচশত পঁয়ষট্টি) টাকা সংশ্লিষ্ট কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) জমা দেয়ার তারিখ: | ২৭/০৭/২০২৫ থেকে ০৪/০৮/২০২৫ |
| ৪) | কলেজ কর্তৃক ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি নিশ্চয়নের তারিখ:<br>কলেজ কর্তৃপক্ষকে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি (শিক্ষার্থীদের সনদপত্র ও নম্বরপত্র অনুযায়ী) যাচাই করে চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে হবে। কোন শিক্ষার্থীর ভর্তি ফরমে প্রদর্শিত তথ্য ও ছবিতে অসংগতি বা গড়মিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে শিক্ষার্থীর ভর্তি নিশ্চয়ন না করে বিষয়টি লিখিতভাবে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল বরাবর জানাতে হবে। | ২৭/০৭/২০২৫ থেকে ০৬/০৮/২০২৫ |
| ৫) | সংশ্লিষ্ট কলেজকে ২য় মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত রেজিস্ট্রেশন ফি [৫৬৫/- (পাঁচশত পঁয়ষট্টি) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ:<br>এ লক্ষ্যে কলেজকে **Login** এর মাধ্যমে **Admission Payment Info (Honours)** অপশনে ক্লিক করে **Pay Slip** ডাউনলোড করতে হবে। **Pay Slip** এ ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) "রেজিস্ট্রেশন ফি" খাতের সঞ্চয়ী হিসাব নম্বর-**0218100000134** উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। | ০৭/০৮/২০২৫ থেকে ১৩/০৮/২০২৫ |

২১.০৭.২০২৫

(ড. মো. আশেক কবির চৌধুরী)
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

স্মারক নং: ১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২৫/৩২২৮ তারিখ: ২১/০৭/২০২৫

অনুলিপি ঃ

১। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
২। সচিব, ভাইস-চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর-১, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর-২, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭। অফিস কপি

২১.০৭.২০২৫

(মো. আবুল কাসেম)
উপ-রেজিস্ট্রার (সার্বিক)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন : ০২-৯৯৬৬৯১৫৬৮
ই-মেইল: adm.hons@nu.ac.bd